ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০৫০</u>
আগরতলা,৩১ জুলাই,২০২৫

**<u>আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে</u>**
**আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা এবং চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-র অধীন বিনামূল্যে অস্ত্রোপচারের সুফল লাভ করল সুরতা দেববর্মা**




রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার দূরদৃষ্টি ও সঠিক পদক্ষেপের ফলেই রাজ্যে একটি ডেন্টাল কলেজ স্থাপিত হয়েছে। ফলে বর্তমানে রাজ্যের মানুষ এখন দাঁত ও মুখের ভেতরের নানা জটিল সমস্যার চিকিৎসা পরিষেবা লাভ করে উপকৃত হচ্ছেন। ডেন্টাল কলেজ প্রতিষ্ঠার আগে দাঁতের ও মুখগহ্বরের বিভিন্ন জটিল সমস্যার সুচিকিৎসা পাওয়া রাজ্যে দুষ্কর ছিল। কিন্তু এখন রাজ্যেই আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ জটিল থেকে জটিলতর সমস্যার সার্জারি সাফল্যের সাথে সম্পন্ন করছেন। তাও আবার রোগী যদি আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (পিএমজেএওয়াই) এবং চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা (সিএমজেএওয়াই)-এর অন্তর্ভুক্ত হয় তাহলে সম্পূর্ণ বিনামূল্যেই এখানে অস্ত্রোপচার করা হয়ে থাকে। এরমধ্যে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে এখন ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারির মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসকগণ সাফল্যের সাথে মুখগহ্বরে বা চোয়ালে টিউমার, সিস্ট অপসারণ করছেন, এমনকি দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্থ হওয়া মুখমন্ডল বা জন্মগত বিকৃত চেহারায় পরিবর্তনে বা সংশোধনে অস্ত্রোপচার করে সঠিকভাবে স্থাপন করছেন।

বিশ্রামগঞ্জ এলাকার সুরতা দেববর্মা (৪১) নামে এক মহিলা সড়ক দুর্ঘটনায় মুখমন্ডলে গুরতর আঘাত পেয়ে আহত অবস্থায় আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে গত ৮ ডিসেম্বর ২০২৪ ভর্তি হন। হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ রোগীর প্রয়োজনীয় প্রাথমিক পরীক্ষার রিপোর্টে দেখতে পান যে উনার মুখে চোয়ালের নীচের ভাগ ও পশ্চাদ অংশ ভেঙ্গে দুভাগে বিভক্ত হয়ে আছে। চিকিৎসকগণ তৎক্ষণাৎ তাকে অস্ত্রোপচারের পরামর্শ দেন। কিন্তু রোগীনির পক্ষে অস্ত্রোপচারের ব্যয়ভার বহন করার ক্ষমতা ছিল না। তাই উনার পরিবার-পরিজনেরা তখন খুবই দুশ্চিন্তার মধ্যে পড়ে গিয়েছিল। তখন হাসপাতালের চিকিৎসকদের মারফৎ মহিলার পরিবার-পরিজনেরা জানতে পারেন যে, এই হাসপাতালে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন্ আরোগ্য যোজনা (পিএমএজেওয়াই) এবং চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা (সিএমজেওয়াই) প্রকল্পটি চালু আছে।

২-এর পাতায়

তাই এই কথা শুনে মহিলার পরিবার-পরিজনদের মুখে হাসি ফুটে, কারণ সুরতা দেববর্মারও আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন্ আরোগ্য যোজনা প্রকল্পে একটি কার্ড ছিল। এই প্রকল্পের মাধ্যমে সুরতা দেববর্মার অস্ত্রোপচারের সমস্ত চিকিৎসা ব্যবস্থা বিনামূল্যে লাভ করেন। গত ৯ ডিসেম্বর ২০২৪ মহিলার অস্ত্রোপচার করা হয় এবং গত ১৯ ডিসেম্বর ২০২৪ তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। উক্ত অস্ত্রোপচারে ছিলেন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ শ্রীধর রেড্ডি পাদালা, ডাঃ শম্ভু দে সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। আর এই আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন্ আরোগ্য যোজনা প্রকল্পের একটি কার্ডের ফলেই বিনামূল্যে অস্ত্রোপচারের সুফল লাভে এবং আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের চিকিৎসকদের কুশলতায় অস্ত্রোপচারে সুরতা দেববর্মা-র মুখমন্ডল পূর্বাবস্থায় ফিরে আসে এবং তার স্বাভাবিক জীবনে চলার পথকে প্রশস্ত করে।

*****